

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৩.৫৩.০০৫.১৮/ ২০২৪৬/০৬


তারিখ : ০৫/১০/২০১৯ খ্রি:

বিষয় : সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ- এ নতুন পদ সৃষ্টি সংক্রান্ত

সূত্র : কলেজ স্মারক নং- সিসক/৯২/১৯, তারিখ: ২২/০৮/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাঁর কলেজে বিভিন্ন বিষয়ে নতুন পদ সৃষ্টির লক্ষ্যে এই অধিদপ্তরে আনুসঙ্গিক কাগজপত্রাদিসহ আবেদন দাখিল করা হয়েছে। দাখিলকৃত আবেদনে নিম্নোক্ত কাগজপত্রাদির ঘাটতি/প্রয়োজন থাকায় এনাম কমিশনের স্ট্যাফিং প্যাটার্ন অনুযায়ী পুনরায় ০৩(তিন) প্রস্থ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাবনা প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রমিক	কলেজের নাম	ঘাটতি/প্রয়োজনীয় কাগজপত্রাদির বিবরণ
(১)	সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ	০১। নতুন পদ সৃষ্টির প্রস্তাব প্রেরণের নির্ধারিত '১৭ কলাম ছক' ও অধ্যক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত উহার চেকলিস্ট এর পূরণকৃত কপি ০২। অর্থ মন্ত্রণালয়ের নির্ধারিত ছক- ১, ২, ৩ এর পূরণকৃত কপি ০৩। এনাম কমিটির স্ট্যাফিং প্যাটার্ন অনুযায়ী প্রাপ্য পদ, বর্তমান কর্মরত পদ ও সৃষ্টযোগ্য পদ সংখ্যার বিবরণী ০৪। বিভাগওয়ারী অধ্যয়ণরত শিক্ষার্থী সংখ্যার বিবরণী ০৫। প্রস্তাবিত পদের বার্ষিক আর্থিক সংশ্লেষের বিবরণী ০৬। অর্গানোগ্রাম (প্রস্তাবিত পদগুলো আলাদা কালীতে চিহ্নিত করতে হবে) ০৭। শিক্ষক/কর্মচারীর নামের তালিকা ০৮। পূর্বে পদ সৃষ্টির জিও পত্রের সত্যায়িত কপি ০৯। প্রার্থিত পদ সৃষ্টির যৌক্তিকতা ১০। বোর্ড/জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত কোর্সের অনুমতি/নবায়নের সত্যায়িত কপি ১১। সকল বিষয়ের অধিভুক্তি নবায়নের হালনাগাদ কপি

  
০৫/১০/২০১৯  
(এ,কে,এম,মাসুদ-১৩৪৭০)  
সহকারী পরিচালক (কলেজ-১)  
ফোন নং : ৪১০৫০১১৭

অধ্যক্ষ,  
সিরাজগঞ্জ সরকারি কলেজ  
সিরাজগঞ্জ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো :

- ০১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০২। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৩। সংরক্ষণ নথি।